


প্রকাশ : ১৯ আগস্ট, ২০১৬ ১৫:২৩
আপডেট : ১৯ আগস্ট, ২০১৬ ১৫:২৭

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

'বিলবোর্ড নিজে সরিয়ে নিন, নইলে ম্যাজিস্ট্রেট যাবে'

অনলাইন ডেস্ক



অবৈধ বিলবোর্ড, ব্যানার, ফেস্টুন, দেয়াল লিখন ও তোরণ পুনরায় সরিয়ে নেওয়ার আহ্বান জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। তিনি বলেছেন, “আপনারা নিজে থেকে এসব সরিয়ে নিন। নইলে আমাদের ম্যাজিস্ট্রেটরা এগুলো উচ্ছেদ করবো।” শুক্রবার গুলশানে সিটি করপোরেশনের নতুন কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

সিটি করপোরেশন এলাকায় ব্যানার, বিলবোর্ড,

ফেস্টুন টানাতে করপোরেশনের অনুমোদনের প্রয়োজন হলেও বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি সামনে রেখে রাজনৈতিক দলের নেতা-কর্মীরা তা মানছে না অভিযোগ করে মেয়র আনিসুল হক বলেন, কর্মসূচি শেষ হলেও এসব ব্যানার না সরানোয় সিটি করপোরেশন ব্যবস্থা নিয়েছে। ইতোমধ্যে রাজনৈতিক দলের এরকম ২০০ বিলবোর্ড, ব্যানার ও ফেস্টুন অপসারণ করা হয়েছে। বাকিগুলো অপসারণে ‘ব্যাপক’ অভিযান চালানো হবে জানিয়ে তিনি বলেন, “যারা ব্যানার ফেস্টুন লাগিয়েছেন, তারা দয়া করে নিজ দায়িত্বে এসব সরিয়ে নিন।”

এছাড়া তিনি আরও বলেন, “আমরা ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করব। এগুলো না সরালে জেল-জরিমানা করা হবে।”

উল্লেখ্য, গত ১৪ আগস্ট সিটি করপোরেশন এলাকার অবৈধ বিলবোর্ড, ব্যানার, ফেস্টুন, পোস্টার, দেয়াল লিখন ও তোরণ অপসারণ করার নির্দেশ দেয় উচ্চ আদালত। নির্বাহী ম্যাজিস্ট্রেটের মাধ্যমে এ নির্দেশ বাস্তবায়ন করে ২২ আগস্ট এ বিষয়ে প্রতিবেদন দিতেও দুই সিটি করপোরেশনকে নির্দেশ দেয় হাই কোর্ট।

বিডি প্রতিদিন/১৯ আগস্ট ২০১৬/হিমেল-১২